দৈনিক বাংলা

তারিখ 23-DEC-1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

10

# পরীক্ষার ফলে ভুল

এসএসসি ও এইচএসসির মত পাবলিক এগজামিনেশনগুলি এমনিতেই পরীক্ষার্থী, অভিভাবক মহল ও শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের জন্য একটি বড় উদ্বেগ-উৎকণ্ঠার ব্যাপার। ফল প্রকাশ না হওয়া পর্যন্ত এই উদ্বেগ অব্যাহত থাকে। কিন্তু এবার এইচএসসির ফল প্রকাশের পরও অনেকের উদ্বেগ রয়ে গেছে। ঢাকা ও কুমিল্লা শিক্ষা বোর্ডের প্রায় আড়াই হাজার পরীক্ষার্থীর ভাগ্যে কি ঘটেছে, তা তারা জানতে পারছে না। এদের অনেকেই মেধাবী। এসএসসিতে ভাল করেছিল। কেউ কেউ বলছে যে কম্পিউটার বিভ্রাটের ফলেই, এক কলেজ অধ্যক্ষের ভাষায়, এই 'ফলাফল বিপর্যয়' ঘটেছে। ব্যাপারটি যদি তা-ই হয়ে থাকে, তাহলে এই বিপর্যয়কে খুবই দুঃখজনক ও অনভিপ্রেত বলতে হবে। পরীক্ষার ফল নিয়ে এ ধরনের কান্ড ঘটা একেবারেই কাম্য বা উচিত নয়।

প্রতিবছরই এসএসসি ও এইচএসসির ফলে নানা রকম ভুল-ভ্রান্তি থাকে, বিভ্রাট ঘটে। ভুল-ভ্রান্তি রোধ এবং তাড়াতাড়ি নির্ভুল ফলাফল প্রকাশের উদ্দেশ্যেই কম্পিউটারের সাহায্যে ফল প্রকাশের ব্যবস্থা করা হয়েছে। এসএসসির-ফলে কোন বড় রকমের বিভ্রাট ঘটার অভিযোগ ওঠেনি। কিন্তু এইচএসসির ফল উদ্বেগে ফেলেছে আড়াই হাজারেরও বেশী পরীক্ষার্থী, তাদের অভিভাবক এবং সংশ্লিষ্ট কলেজগুলির কর্তৃপক্ষকে। ব্যাপারটি কি ঘটেছে, তা কেউ নিশ্চিত করে বলতে পারছে না। ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ফলের বিপর্যয় সম্পর্কে বলেন যে এসএসসির 'টিক পদ্ধতি'তে পাস করা পরীক্ষার্থীদের পক্ষে রচনা পদ্ধতিতে ভাল ফল করা খুবই কঠিন।

মেধাবী বলে পরিচিত বহু ছাত্রছাত্রী এবার ফেল করেছে। অনেকের ফল প্রত্যাশানুযায়ীও হয়নি। সুতরাং আসলে কি ঘটেছে তা জানার জন্য অবিলম্বে প্রচেষ্টা চালানো দরকার। প্রোগ্রামিং-এ গোলমাল না হলে কম্পিউটারে অতবড় ভুল কোনমতেই হতে পারে না। এত বিপুলসংখ্যক ছাত্রছাত্রী কম্পিউটার বিভ্রাটের কারণে ফেল করেছে, না আসলেই পরীক্ষায় ভাল করতে পারেনি এ ব্যাপারে নিশ্চিত হতে হবে। ভুল বিভ্রাটের কারণে যদি এই 'ফলাফল বিপর্যয়' ঘটে থাকে, সেজন্য মেশিন না মানুষ দায়ী, তাও জানতে হবে। পরীক্ষার ফলাফলের নির্ভুলতা নিশ্চিত করার কার্যকর ব্যবস্থা নিতে হবে। যন্ত্র বা মানুষ কারোরই যাতে কোন ভুল না ঘটে তার নিশ্চয়তা বিধান করতে হবে। সংশ্লিষ্ট সকলেরই এ ব্যাপারে সতর্ক ও সচেষ্ট থাকা একান্ত জরুরী। ভুলের কারণে যদি কোন ছাত্রছাত্রী ফেল করে থাকে, তাহলে অবিলম্বে এই ভুল সংশোধন হওয়া দরকার। পরীক্ষা কর্তৃপক্ষকে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।